



১০ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ
২৪-৩০ জানুয়ারি ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

৩০ জানুয়ারি, ২০১৭

শেষ হলো ১০ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব

১০ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশের শেষ দিন আজ।

আজকের অনুষ্ঠানসূচী:

আজ সকালে 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর সভাপতি ড. মুহাম্মদ জাফর ইকবাল ক্ষুদে নির্মাতাদের প্রশংসাপত্র প্রদান করেন।

বিকাল ৫টায় অনুষ্ঠিত হয় উৎসবের সমাপনী অনুষ্ঠান। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষাবিদ অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। আরও উপস্থিত ছিলেন উৎসবের উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান মুস্তাফা মনোয়ার, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর সভাপতি ড. মুহাম্মদ জাফর ইকবাল, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর সাধারণ সম্পাদক মুনীরা মোরশেদ মুনী, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর প্রতিষ্ঠাতা ও উৎসব উপদেষ্টা মোরশেদুল ইসলাম এবং উৎসব পরিচালক আবীর ফেরদৌস।

উৎসবের সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ক্ষুদে নির্মাতারা পুরস্কৃত হন। শিশু নির্মাতাদের প্রতিযোগিতায় সেরা ছবির পুরস্কার পেয়েছে রিয়াদ সান এবং নাহিদ পারভেজের তৈরি ছবি 'দ্য প্যাপেট শো'। ২য় সেরা ছবি নির্বাচিত হয়েছে নাহিদ হাসনাত ও শিফাতুল অপূর্ব এর ছবি 'বান্সবন্দী'। ৩য় পুরস্কার পেয়েছে সাইয়েদুল আবরারের তৈরি 'অ্যালান কুর্দি ফ্রম হেভেন' নামে একটি অ্যানিমেটেড ছবি। এছাড়া বিশেষ পুরস্কার পেয়েছে সুমাইতা শামা নির্মিত 'এনমেসড বোরডোম' এবং তারিকুল হাসানের 'ইনার প্যারালেলিজম'। আন্তর্জাতিক শিশু নির্মাতাদের প্রতিযোগিতায় পুরস্কার পেয়েছে অস্ট্রেলিয়ার ছবি 'ইন মেমোরি' যেটি পরিচালনা করেছে অ্যাস্টোন ব্রাউন ও জর্জ পোপল।

আন্তর্জাতিক চলচ্চিত্র প্রতিযোগিতা বিভাগে বড়দের তৈরি ছবির মধ্যে ছিল তিনটি পুরস্কার। যেখানে সেরা ফিচার ফিল্ম হিসেবে পুরস্কার পেয়েছে জার্মানীর ছবি 'অ্যাট আই লেভেল'। সেরা স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের পুরস্কার পেয়েছে সুইজারল্যান্ডের ছবি 'হাইডি অ্যাট দ্য ফিলি আর্টিস্ট'। এছাড়া সেরা পরিচালকের পদকটি পেয়েছেন বুলগেরিয়ার পরিচালক রিসতো সিমোনভ।

উৎসবে ১৮-২৫ বছর বয়সীদের বিভাগে পুরস্কার পায় হেমন্ত সাদিকের পরিচালনায় ছবি 'আ লেটার টু গড'। আর 'জলবায়ু পরিবর্তন ও পরিবেশ' বিষয়ের উপর সামাজিক চলচ্চিত্র বিভাগে পুরস্কার পেয়েছে 'খেলাঘর' নামের একটি স্টপমোশন অ্যানিমেশন।

উল্লেখ্য, 'চিলড্রেনস ফিল্ম সোসাইটি বাংলাদেশ' এর উদ্যোগে আয়োজিত এ উৎসবে সারাদেশে (ঢাকা, রাজশাহী ও রংপুর) মোট ১১টি ভেন্যুতে ৫৪টি দেশের দুই শতাধিক শিশুতোষ চলচ্চিত্র প্রদর্শিত হয়।

--

মল্লিকা মম

প্রেস এন্ড মিডিয়া টিম,

১০ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ

বিস্তারিত তথ্যাবলী: www.cfsbangladesh.org/festival2017

সকল প্রেস বিজ্ঞপ্তি পেতে: www.cfsbangladesh.org/press-releases